

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট
পদ্মা লাইফ টাওয়ার (১৪ তলা)
১১৫, কাজী নজরুল ইসলাম এ্যাভিনিউ, বাংলামোটর, ঢাকা-১২১৫।



স্মারক নং : ৪১.০৫.০০০০.০০০.০৪.০০৪.১৭-৭০০

তারিখঃ ৩০ অগ্রহায়ণ ১৪২৭
১৪ ডিসেম্বর ২০২০

নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী শিশু ও ব্যক্তিদের এক কালীন চিকিৎসা অনুদান প্রদান সংক্রান্ত

বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং-০১/২০২০-২১

সমাজকল্যাণ মন্ত্রণালয়াদীন নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্টের আওতায় ২০২০-২১ অর্থ বছরে, সমাজসেবা অধিদফতর কর্তৃক প্রতিবন্ধিতা সনাক্তকরণ জরীপ কর্মসূচির আওতায় নিবন্ধিত নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী (অটিজম, ডাউন সিনড্রোম, সেরিব্রাল পালসি, বুদ্ধি প্রতিবন্ধী) ব্যক্তিদের চিকিৎসা সহায়তা হিসেবে এককালীন অনুদান প্রদান করা হবে। অনুদান গ্রহণে আগ্রহী প্রতিবন্ধী ব্যক্তি স্বয়ং বা পক্ষে তাদের পিতা/মাতা/ বৈধ অভিভাবক আবেদন করতে পারবেন। জেলা পর্যায়ে আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয় হতে আবেদন ফরম সংগ্রহ করে অথবা ট্রাস্টের ওয়েবসাইট হতে ডাউনলোড করে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ে আবেদন করতে পারবেন। এছাড়াও সরাসরি এনডিডি সুরক্ষা ট্রাস্টের প্রধান কার্যালয় (পদ্মা লাইফ টাওয়ার (১৪ তলা), ১১৫, কাজী নজরুল ইসলাম এ্যাভিনিউ, বাংলামোটর, ঢাকা-১২১৫) হতে আবেদনের ফরম সংগ্রহ অথবা ট্রাস্টের ওয়েবসাইট হতে ডাউনলোড করে আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, জেলা সমাজসেবা কার্যালয়ের জন্য নির্ধারিত আবেদন ফরম এবং ট্রাস্ট কার্যালয়ের জন্য নির্ধারিত আবেদন ফরম <http://nddtrust.gov.bd> ওয়েবসাইটে পাওয়া যাবে। বিজ্ঞপ্তি জারীর তারিখ হতে আবেদন দাখিলের শেষ তারিখ ২৯ এপ্রিল ২০২১। অসম্পূর্ণ এবং ইমেইলে প্রেরিত আবেদন গ্রহণযোগ্য হবে না।

ড. মো: আনোয়ার উল্লাহ্ এফসিএমএ
ব্যবস্থাপনা পরিচালক (যুগ্মঃসচিব)
নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট
টেলিফোনঃ ০২-৪৮৩২২৬৭৪
ই-মেইলঃ nddprtrust@gmail.com